Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/পরি./ঋণ কার্যক্রম/২০২৬/৮৮৫ তারিখঃ ০৮/১০/২০২৬ ইং

প্রতি
ঋণ কার্যক্রম সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তা
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয় ঃ ঋণ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনায় সংস্থার সিদ্ধান্ত অবহিতকরন ও বাস্তবায়ন প্রসঙ্গে।

শুভেচ্ছা নিবেন, আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, সংস্থা ঋণ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির জন্য কতিপয় সিদ্ধান্ত গ্রহন করছে যা নিম্নরুপ ঃ

১. বর্তমান নিয়মে পূর্বের ঋণের সর্বোচ্চ ৫০% বৃদ্ধি করে ঋণ প্রদান করার বিধান থাকলেও বার্তমানে তা অনুসরণ করা হচ্ছে না তাই এখন থেকে দফা বিবেচনায় সর্বোচ্চ ৫০% বর্ধিত করে ঋণ বিতরণ করার পরিবর্তে সদস্যর সক্ষমতা বিবেচনায় ঋণ সিলিং নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে কত% বৃদ্ধি হল তা বিবেচ্য বিষয় হবে না।
২. ২০২৫ সালের পূর্বের পিএলএস এবং ওভিএস বিনিয়োগকারী/জমাকারীগন ০১ অক্টোবর'২০২৬ ইং তারিখ থেকে বর্তমান নিয়মে সুদ প্রাপ্য হবেন।
৩. এখন থেকে পিএলএস এ বিনিয়োগকারীদেরকে সমিতির সদস্য করে ঋণ প্রদান করা যাবে।
৪. পিএলএস এর সুদ ০১ ডিসেম্বর'২০২৬ ইং তারিখ থেকে প্রতিমাসে প্রধান কার্যালয় থেকে নিদ্দিষ্ট তারিখে বিনিয়োগকারীকে ব্যাংক হিসাবে প্রদান করা হবে। পিএলএসকারীদের ব্যাংক ও হিসাব নাম্বার থাকতে হবে এবং তা অটোমেশনে আপডট করতে হবে।
৫. পিএলএস বিনিয়োগকারীগন ০১ জানুয়ারী'২০২৭ ইং তারিখ থেকে তাদের বিনিয়োগের সুদ সংস্থার যে কোন শাখা থেকে গ্রহন করতে পারবেন এবং বিনিয়োগ উত্তোলন/ফেরৎ নিতে পারবেন।
৬. পিএলএস এর মুনাফা ব্রাঞ্চ ম্যানেজারের অনুমোদন সাপেক্ষে ফেরৎ প্রদান করা যাবে তবে পিএলএসকারীর জমাকৃত আসল টাকা ফেরতের ক্ষেত্রে অনুমোদনকারী হবেন এরিয়া ম্যানেজার।
৭. সদস্যর সক্ষমতা বিবেচনায় দল ত্যাগ/বাতিলকৃত সদস্যকে পুনরায় সমিতিতে ভর্তি করা যাবে।
৮. সদস্য ভর্তির সময় কম্পোনেন্ট নির্ধারণ করতে হবে, তবে যে কোন সময় কম্পোনেন্ট পরিবর্তন করা যাবে।
৯. সদস্যর মেবাইল নাম্বার পরিবর্তন করার ক্ষেত্রে সিও প্রস্তাবকারি, বিএও যাচাইকারি এবং অনুমোদনকারী হবেন ব্রাঞ্চ ম্যানেজার।
১০. ১৫ অক্টোবর'২০২৬ থেকে বিএম এর অনুমোদন সাপেক্ষে শাখার এক সমিতি থেকে অন্য সমিতিতে সদস্য স্থানান্তর ও কম্পোনেন্ট পরিবর্তন করা যাবে। এছাড়া কোন সদস্য স্থানত্যাগ করে সংস্থার অন্য শাখার কর্মএলাকায় গেলে প্রধন কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে উক্ত সদস্যর হিসাব সংশ্লিষ্ট শাখায় স্থানান্তর করা যাবে।
১১. বর্তমানে ঋণ বিতরন, ওভিএস এবং পিএলএস জমা ও উত্তোলন এর তথ্য সদস্যর মোবাইলে ম্যাসেজ দেয়া হচ্ছে। ১লা ডিসম্বর'২০২৬ থেকে ঋণের কিস্তি, সঞ্চয়, ডিপিএস জমা এবং উত্তোলন এর তথ্য সদস্যর মোবাইলে ম্যাসেজ দেয়া হবে।
১২. এখন থেকে সদস্য ভর্তির সময়ে বিএও 'এনআইডি ভেরিফিকেশন' করবেন।
১৩. ক্রেডিট অফিসারের রিকোয়েস্ট এর ভিত্তিতে ব্রাঞ্চ ম্যানেজারের অনুমোদন সাপেক্ষে অকার্যকর সদস্যকে কার্যকর করা যাবে।
১৪. স্বেচ্ছা সঞ্চয় সদস্য যে কোন সময় জমা ও উত্তোলন করতে পারবেন।
১৫. সদস্য বাতিলকালীন সময়ে তার ব্যালেন্স থাকলে ডে-ক্লোজের পূর্বে তা দেখা যাবে।
১৬. মাসের শেষ কর্মদিবসে মাসের লেনদেন সমাপ্ত করতে হবে। এমআইএস ও এফআইএস রিপোর্ট সংশোধন করতে হলে পরের মাসের ১তারিখের মধ্যে তা করতে হবে।
১৭. মাসিক ঋণের ক্ষেত্রে কোন সদস্যকে ছুটি দেখানো হবে না। এ ক্ষেত্রে আদায়যোগ্যের নির্ধারিত তারিখে ছুটি থাকলে ছুটির পরের সপ্তাহ মাসের মধ্যে থাকলে সেই তারিখ আদায়যোগ্য আসবে এবং যদি মাসের মধ্যে আদায়যোগ্য তারিখ না পাওয়া যায় সেক্ষেত্রে আগের সপ্তাহে আসবে যা ১লা' নভেম্বর থেকে কার্যকর হবে।
১৮. বর্তমনে রিডিসবার্সকাকৃত সদস্যর নিকট থেকে আদায়কৃত আংশিক কিস্তি ঋণে জমা দেওয়ার সুযোগ রয়েছে। ১লা' নভেম্বর থেকে এককালিন ঋণের সকল বকেয়াকারীর নিকট থেকে আদায়কৃত আংশিক কিস্তি ঋণে জমা দেয়া যাবে।
১৯. ১৫ অক্টোবর'২০২৬ থেকে একজন সদস্যর একই মেয়াদে একাধীক ডিপিএস করা যাবে।
২০. সকল ঋণ বিতরণ এর ক্ষেত্রে ওটিপি গ্রহন করতে হবে। এক্ষেত্রে সদস্যর ঋণ বিতরন হওয়ার বিষয়টি নিশ্চিত হলে বিএও সদস্যের মোবাইলে ওটিপি পাঠাবেন এবং ঋণ বিতরণের সময় বিএম সদস্যর মোবাইলে ওটিপি দেখে/নিশ্চিত করে ঋণ বিতরন করবেন।
২১. ০১ অক্টোবর'২০২৬ ইং থেকে ট্যাবে সদস্যর সকল ধরনের রেগুলার ও ইরেগুলার পোষ্টিং সংশ্লিষ্ট সিও পোষ্টিং দেবেন। বিএও কোন ইরেগুলার পোষ্টিং দেবেন না।
২২. ০১টি সমিতিতে ৩৫ জন সদস্যর বেশী ভর্তি করার প্রয়োজন হলে বিএম এর অনুমোদন সাপেক্ষে সর্বোচ্চ ৪০ জন পর্যন্ত ভর্তি করা যাবে।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org

২৩. দৈনন্দিন কাজ বিকেল ৫টার মধ্যে সম্পন্ন হলে সফ্‌ট্ওয়্যারে বিকেল ৫টায় ডে ক্লোজ করা যাবে। তবে সফ্‌ট্ওয়্যার ডেসম্পন্ন করার জন্য রাত্র ৮ টা পর্যন্ত খোলা থাকবে। মাসের শেষ দুই কর্মদিবসে সফ্‌ট্ওয়্যারে ডেসম্পন্ন করার জন্য রাত্র ১১ টা পর্যন্ত খোলা থাকবে। যারা রাত ৮টার মধ্যে কাজ সম্পন্ন করতে পারবে না তারা পরের দিন জোনাল ম্যানেজারের অনুমোদন সাপেক্ষে কাজ করতে পারবে।

২৪. অটোমেশনে তথ্যের গড়মিল/পার্থক্য পরিলক্ষিত হলে সেন্ট্রাল এমআইএসদের Whatsapp গ্রুপ RIC BA GROUP এ জানালে সাথে সাথে সমাধান করে দেয়া হবে।

২৫. ১লা নভেম্বর'২০২৬ থেকে সদস্য ভর্তিকালিন সময়ে অটোমেশনে এনআইডি ও ছবি আপলোড করতে হবে। ফলে সদস্যর নিকট থেকে প্রতিবার ঋণ বিতরণের সময় একই ডকুমেন্ট বার বার নিতে হবে না।

২৬. ১লা নভেম্বর'২০২৬ থেকে অটেমেশন থেকে ঋণ আবেদনপত্র প্রস্তুত করে ঋণ বিতরণ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

২৭. অটোমেশনে সিও ভিত্তিক সাপ্তাহিক, মাসিক অগ্রগতি প্রতিবেদন দেখা ও প্রিন্ট করা র ব্যবস্থা করা হয়েছে।

২৮. এখন থেকে ক্রেডিট অফিসারগণ ট্যাবে তাদের দৈনন্দিন, সাপ্তাহিক ও মাসিক অগ্রগতি দেখতে পাবে।

২৯. রিডিসবার্সকৃত ঋণের ওটিআর আলাদা করে দেখার ব্যবস্থা করা হয়েছে।

৩০. ১লা নভেম্বর'২০২৬ থেকে অটোমেশন ও পাশবইতে জামিনদারের তথ্য রাখা হবে।

৩১. এখন থেকে ডিপিএস দিয়ে ঋণ সমন্বয় করা যাবে। তবে সমন্বয় পরবর্তী ডিপিএস অবশিষ্ট থাকলে অবশিষ্ট টাকা নিয়মিত সঞ্চয়ে স্থানান্তর করতে হবে।

৩২. ইনফ্লো -আউটফ্লো এর অথারাইজেশন এরিয়া ম্যানেজার করবেন।

৩৩. চলতি সপ্তাহের আন্ডু পারমিশন দিবেন এরিয়া ম্যানেজার, চলতি সপ্তাহের সংশোধনি অন্য সপ্তাহে বা মাসের মধ্যে করতে হলে তার আন্ডু পারমিশন দিবেন জোনাল ম্যানেজার। মাসের শেষ কর্মদিবসে আন্ডু করতে হলে প্রধান কার্যালয়ের এমআইএস এর অনুমোদন লাগবে। কেন্দ্রীয় কার্যালয় থেকে এমআইএসগণ আন্ডু প্রক্রিয়া মনিটরিং করবেন। আন্ডু অনুমোদনকারীর বাৎসরিক মূল্যায়নে এর প্রভাব পড়বে, লক্ষ্য রাখতে হবে যাতে আন্ডু করতে না হয়।

৩৪. সফটওয়্যারে নন-ক্যাশ পোষ্টিং অটো আপডেট এর ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। প্রক্রিয়া সম্পন্ন হলে জানানো হবে।

সংস্থার সামগ্রীক ঋণ কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তাদেরকে উল্লেখিত নির্দেশনা অনুসরন করতে নির্দেশ দেয়া হলো ।

ধন্যবাদান্তে

আফরোজা লায়লা
পরিচালক ও প্রধান ঋণ কর্মকর্তা

অনুলিপিঃ
১. নির্বাহী পরিচালক, রিক;
২. উপ ও সহকারী পরিচালক এবং বিভাগীয় ও সেল প্রধান (সকল);
৩. অফিস কপি।